

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৬. আযানের জবাব কিভাবে দিতে হয়?

মুয়াযযিন যা বলে শ্রোতা তাই বলবে, শুধু 'হাইয়াা আলাস সালাহ' ও 'হাইয়াা আলালফালাহ' বলার সময় বলবে, 'লা-হাউলা অলা কুয়াতা ইল্লা বিল্লাহ্। (মুসলিম: ৭৩৬)। ফজরের সালাত 'আস্-সালাতু খাইরুম্ মিনান্ নাউম বললে অনেকেই এর জবাবে বলে সদাক্তা অবারাতা'। অথচ একথা হাদীসে নেই। অতএব, শুদ্ধ হলো 'আস্-সালাতু খাইরুম্ মিনান্ নাউম্'- এটাই বলা। 'আশহাদু আলা মুহাম্মাদার রাসূলুল্লাহ'-র জবাবে কেউ কেউ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলে। এটিও ঠিক নয়। কারণ নবী (স) বলেছেন, মুয়াযযিন যা বলে তোমরা শুধু তাই বলবে (বুখারী)। তবে অন্য সময় রাসূলের নাম শুনলে দর্মদ পড়বে (তিরমিয়ী: ৩৫৪৫)। উল্লেখ্য যে, আযান শুরুর আগে কেউ কেউ মাইক্রোফোনে দুরূদ পড়ে। এটি ঠিক নয়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12888

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন